অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/22/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

ব্রুম কাউন্টিতে সাবেক IBM হুরন ক্যাম্পাসে ইউবিক্যুইটি সোলার (UBIQUITY SOLAR) এর যুক্তরাষ্ট্রের উৎপাদন কার্যক্রম প্রতিষ্ঠা করা সম্পর্কে গভর্নর হোচুলের ঘোষণা

কোম্পানিটি 800,000 বর্গ-ফুট খালি জায়গা পুনরায় কাজে লাগাতে 61 মিলিয়ন ডলার বিনিয়োগ করবে এবং এন্ডিকট ভিলেজে 150টি পর্যন্ত নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে

এই বিনিয়োগ "সাদার্ন টিয়ার সোয়ারিং" ("Southern Tier Soaring") এর পরিপূরক - যা কমিউনিটিকে পুনরুজ্জীবিত করার ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য এই অঞ্চলের সমন্বিত কৌশল

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে কানাডিয়ান ফার্ম ইউবিক্যুইটি সোলার ইনক. ব্রুম কাউন্টির এন্ডিকট ভিলেজের সাবেক IBM সাইটে এটির যুক্তরাষ্ট্রের সোলার ফটোভোল্টিক উৎপাদন কার্যক্রম প্রতিষ্ঠা করবে। প্রকল্পটির প্রারম্ভিক পর্যায়ে কোম্পানিটি সাবেক ক্যাম্পাসের 800,000 বর্গ-ফুট খালি জায়গা পুনরায় কাজে লাগানোর প্রত্যাশা রাখে এবং এজন্য সাইট সংস্কার, সরঞ্জাম, ও ইনস্টলেশন, ইত্যাদি খাতে আনুমানিক 61 মিলিয়ন ডলার বিনিয়োগ করা হবে।

"সাদার্ন টিয়ার পরবর্তী প্রজন্মের জ্বালানি গবেষণা, উদ্ভাবন ও উন্নত উৎপাদনের একটি হাবে পরিণত হয়েছে, এবং এন্ডিকটে ইউবিক্যুইটি সোলারের যুক্তরাষ্ট্রের কার্যক্রম প্রতিষ্ঠার সিদ্ধান্ত এই অঞ্চলের উজ্জ্বল ভবিষ্যতের আরেকটি নির্দেশক," **বলেছেন গভর্নর হোচুল।** "এই প্রকল্পের মতো ভবিষ্যতের কথা বিবেচনাকারী প্রকল্পগুলোর মাধ্যমেই আমরা আপস্টেট নিউ ইয়র্কজুড়ে অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করতে সাহায্য করছি, এবং ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য একটি টেকসই ভবিষ্যত নিশ্চিত করছি।"

সেইসাথে, ইউবিক্যুইটি সোলার এই অঞ্চলে 150টি পর্যন্ত উচ্চ দক্ষতাসম্পন্ন কর্মসংস্থান তৈরি করার প্রত্যাশা রাখে। সাইটের পুনর্নির্মাণ কাজ ইতোমধ্যে চালু হয়ে যাওয়ায়, কোম্পানিটি 2022 সালের শেষ নাগাদ এন্ডিকট ক্যাম্পাসে পুরোদমে কার্যক্রম শুরু করতে পারবে বলে আশা করছে।

ইউবিক্যুইটি সোলার একটি উত্তর আমেরিকা-ভিত্তিক কোম্পানি যা ফটোভোল্টিক ও সংশ্লিষ্ট উপাদানের বাজারের দিকে মনোযোগ দেয়। 1996 সাল থেকে সোলার শিল্পখাতে কার্যপরিচালনাকারী এই কোম্পানি নিজস্ব মালিকানা সত্ত্বের অধীন PV প্রযুক্তি উন্নয়ন করেছে যা

একটি ঘনিষ্ট-জোড়, উলম্বভাবে একীভূত, আঞ্চলিক পর্যায়ে জোর দেয়া অনন্য ব্যবসায়িক মডেল কাজে লাগায়। ইউবিক্যুইটি সোলার অ্যারোস্পেস, জ্বালানি উৎপাদন, ও সংশ্লিষ্ট উপাদান প্রয়োগের শিল্পখাতের গ্রাহকদের সেবা দিয়ে থাকে, এবং উত্তর আমেরিকার উল্লেখযোগ্য নবায়নযোগ্য জ্বালানি উৎপাদনের চাহিদা পূরণের জন্য ও নিম্ন-কার্বন অর্থনীতিতে উত্তরণের জন্য আল্ট্রা-লো কার্বন, আমেরিকায়-তৈরি, উচ্চ কর্মক্ষমতাসম্পন্ন PV পণ্য উৎপাদনের দিকে মনোযোগ দেয়।

প্রকল্পটির প্রথম পর্যায়ে, সাবেক IBM সাইট থেকে পাওয়া বর্ধিত ধারণক্ষমতা ইউবিক্যুইটি সোলারকে 2022 সালে অ্যারোস্পেস গ্রাহকদের জন্য 1.5 MWp উন্নত স্পেস গ্রেড PV সেল এবং জ্বালানি উৎপাদন বাজারের জন্য 350 MWp ইউটিলিটি গ্রেড PV সেল উৎপাদন করার সক্ষমতা দিবে। বর্তমানে যুক্তরাষ্ট্রে একটি একক-পরিবারের আবাসনে নতুন PV সিস্টেমের গড় আকার হলো 7kWp, যার অর্থ 350MWp এর প্রারম্ভিক উৎপাদনের লাইন 50,000টি গড় আকারের বাড়িতে বিদ্যুতের চাহিদা মেটাতে পারবে।

ইউবিক্যুইটি সোলার-এর CEO আয়ান ম্যাকলিলান বলেন, "আমরা সাদার্ন টিয়ারে আমাদের যুক্তরাষ্ট্রের উৎপাদন কার্যক্রম প্রতিষ্ঠা করতে পেরে উচ্ছসিত। আমরা জানি নিউ ইয়র্ক স্টেট ব্যবসা-বান্ধব, এর দক্ষ কর্মীদল রয়েছে, এবং এটি জলবায়ু ও টেকসই পরিবেশ বিষয়ক জোরদার পদক্ষেপ গ্রহণে দৃঢ় প্রতিজ্ঞ, যা এটিকে আমাদের যুক্তরাষ্ট্রে সম্প্রসারণের কৌশলের প্রথম পর্যায়ের জন্য সঠিক অবস্থানে পরিণত করেছে। আমাদের আল্ট্রা-লো কার্বন, আমেরিকায়-তৈরি, উচ্চ কর্মক্ষমতাসম্পন্ন PV নির্মাণের ভিত্তি হিসেবে পরিবেশগত দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার সর্বোচ্চ মানদণ্ড অনুযায়ী সাবেক IBM সাইটের সংস্কারকাজে নেতৃত্ব দিতে পেরে আমরা রোমাঞ্চিত। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) টিমের সহায়তার জন্য আমরা তাদের প্রতি আমাদের আন্তরিক ধন্যবাদ জানাতে চাই।"

এক্সেলসিয়র জবস ট্যাক্স ক্রেডিট কর্মসূচির (Excelsior Jobs Tax Credit Program) মাধ্যমে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট 3 মিলিয়ন ডলার পর্যন্ত সহায়তা প্রদান করবে, যা প্রকৃত কর্মসংস্থান সৃষ্টির উপর ভিত্তি করে প্রদান করা হবে। এই বিনিয়োগ সাবেক IBM ক্যাম্পাসে ইতোমধ্যে চলমান পুনরুজ্জীবিতকরণ কাজের সাথে যোগ হবে, যা এখন নতুন ও উদ্ভাবনী কোম্পানিগুলোর ঠিকানা হয়ে উঠেছে। সাদার্ন টিয়ারের নির্মল জ্বালানি শিল্প ও সহায়ক শিল্পগুলো আঞ্চলিক দক্ষতা ভিত্তিক প্রবৃদ্ধি এবং স্টেটের পক্ষ থেকে পাওয়া ভর্তুকি উভয় দিক থেকে উপকৃত হয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের সবুজ জ্বালানি কর্মসূচি হলো দেশের সবচেয়ে আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা নির্মল জ্বালানির দিকে একটি সুশৃঙ্খল ও ন্যায়সঙ্গত পরিবর্তনের আহ্বান জানায় যা কর্মসংস্থান সৃষ্টি করে ও একটি সবুজ অর্থনীতির বিকাশ অব্যাহত রাখে। এই প্রকল্পের জন্য স্টেটের প্রদান করা ভর্তুকি সরাসরি এসব প্রচেষ্টায় সহায়তা করে এবং স্টেটকে শুধু যে একটি কার্বন নিরপেক্ষ অর্থনীতির দিকে নিয়ে যেতে সাহায্য করে এবং নিউ ইয়র্কের জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যগুলো পূরণ করবে তাই নয়, বরং সেইসাথে কোভিড মহামারী থেকে অর্থনৈতিক পুনরুদ্ধারও ত্বরান্বিত করবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের চিফ অপারেটিং অফিসার ও এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার কেভিন ইউনিস বলেন, "নিউ ইয়র্ক স্টেট সবুজ জ্বালানির উৎকর্ষের উপর জোর দেয়া একটি ভবিষ্যতের দিকে এগিয়ে যাওয়ার জাতীয় প্রচেষ্টায় নেতৃত্ব দিতে দৃঢ় প্রতিজ্ঞ। এর ভবিষ্যত-ভাবনার দক্ষতাকে সাদার্ন টিয়ারে নিয়ে আসার মধ্য দিয়ে, ইউবিকুইটি সোলার শীর্ষ-মানের, উচ্চ-প্রযুক্তির উৎপাদন সংক্রান্ত কর্মসংস্থান সৃষ্টি করবে, যা পুনরায় কাজে লাগানো হুরন ক্যাম্পাসে নতুন বিনিয়োগ আনতে সাহায্য করবে, এবং নিউ ইয়র্কের সবুজ অর্থনীতিকে আরো শক্তিশালী করবে।"

সিনেটর ফ্রেড আকশার বলেন, "সাবেক IBM হুরন ক্যাম্পাসে ভবিষ্যতমুখী প্রযুক্তির উত্তরাধিকার অব্যাহত রাখা একটি নতুন নিয়োগকারী দেখতে পাওয়া একটি চমৎকার বিষয়। এখানকার কমিউনিটিতে এধরনের কর্মসংস্থানের প্রতিশ্রুতি এবং স্টেটের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্য পূরণ হতে দেখতে পাওয়াটা সবসময়ই উৎসাহ যোগায়।"

অ্যাসেম্বলিওমেন ডনা লুপার্ডো বলেন, "ইউবিকুইটি সোলার এটির যুক্তরাষ্ট্রের উৎপাদন কার্যক্রম এখানে এন্ডিকটে প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত নেয়ায় আমি অত্যন্ত আনন্দিত। আমাদের অঞ্চলটি এর উদ্ভাবনের সমৃদ্ধ ইতিহাস, এবং সর্বাধুনিক গবেষণা ফ্যাসিলিটি নিয়ে নির্মল জ্বালানি শিল্পখাতের বেড়ে উঠা ও সম্প্রসারণের জন্য চমৎকারভাবে মানানসই একটি জায়গা। ইউবিকুইটি তাদের ফটোভোল্টিক সেল নির্মাণের ক্ষেত্রে "পরিবেশগত দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার সর্বোচ্চ মানদণ্ড বজায় রাখার প্রতিশ্রুতি" প্রকাশ করায় আমি রোমাঞ্চিত বোধ করছি। আমি তাদেরকে অসংখ্য কমিউনিটি স্টেকহোল্ডারদের সাথে পরিচয় করিয়ে দেয়ার প্রত্যাশা রাখি যারা তাদের পরিকল্পনা ও কার্যক্রম সম্পর্কে আরো অনেক কিছু জানতে চাইবে। আবারো, এটি অনেক বেশি স্বাগত জানানোর মতো একটি খবর।"

ব্রুম কাউন্টির এক্সিকিউটিভ জ্যাসন গার্নার বলেন, "এটি ব্রুম কাউন্টির জন্য একটি চমৎকার সংবাদ। হুরন ক্যাম্পাসে 150টি উচ্চ-প্রযুক্তির কর্মসংস্থান সৃষ্টি আমাদের কমিউনিটির এই অংশটিকে আরো একবার উদ্ভাবনের ক্ষেত্রে নেতৃত্বের অবস্থানে নিয়ে যাওয়ার জন্য একটি বড় পদক্ষেপ। আমি ব্রুম কাউন্টিতে ইউবিকুইটি সোলারের বিনিয়োগের প্রশংসা করি, সেইসাথে আমাদের কমিউনিটির এক সময়ের প্রাণবন্ত অংশটিকে পুনরুজ্জীবিত করার জন্য স্টেটের চলমান প্রতিশ্রুতিকে সাধুবাদ জানাই।"

ইউবিকুইটি সোলার সম্পর্কে আরো তথ্যের জন্য, ভিজিট করুন: http://www.ubiquitysolar.com/

সাদার্ন টিয়ার সোয়ারিং ত্বরান্বিতকরণ
আজকের এই ঘোষণা "সাদার্ন টিয়ার সোয়ারিং" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটির উন্নয়নের জন্য এই অঞ্চলের পরিপূর্ণ নীল নকশা। মেধাবী কর্মীদলকে আকৃষ্ট করা, ব্যবসার প্রসার ঘটানো ও উদ্ভাবনী কর্মকাণ্ড পরিচালনার উদ্দেশ্যে এই পরিকল্পনার ভিত্তি স্থাপনের জন্য 2012 সাল থেকে স্টেট ইতোমধ্যে এই অঞ্চলে 7.4 বিলিয়ন ডলারের বেশি অর্থ বিনিয়োগ করেছে। এখন, এই অঞ্চল আপস্টেট পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Upstate Revitalization Initiative) মাধ্যমে 500 মিলিয়ন ডলারের একটি বিনিয়োগ দিয়ে সাদার্ন টিয়ার

সোয়ারিং ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন ডলারের বিনিয়োগ প্রাইভেট ব্যবসাগুলোকে 2.5 বিলিয়ন ডলারেরও অনেক বেশি বিনিয়োগ করতে উৎসাহিত করবে - এবং এই অঞ্চলের জমা দেয়া পরিকল্পনা অনুযায়ী 10,200টি পর্যন্ত নতুন চাকরির ব্যবস্থা হবে। আরো তথ্য এখানে পাবেন।

###

অতিরিক্ত সংবাদ পাওয়া যায় www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন